

আপনার শহরকে
পরিচ্ছন্ন ও সবুজ রাখুন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন
এস্টেট শাখা, রাজশ্ব বিভাগ
টাইগারপাস, চট্টগ্রাম
www.ccc.org.bd.com



উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং : ৪৬.১১.১৬০০.০০৩.৯৯.০৫৪.২১- ৮৯৪

তারিখ : ২১ জুলাই ২০২১

বিজ্ঞপ্তি

আসন্ন পবিত্র ঈদুল আযহা উপলক্ষে করোনা ভাইরাস (কোভিড-১৯) প্রতিরোধসহ আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণকল্পে চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর হাট-বাজার ইজারাদার ও ক্রেতা-বিক্রেতাদের প্রতিপালনীয় নির্দেশনাবলী :

ইজারাদারের করণীয় :


- ১। হাট বসানোর জন্য পর্যাপ্ত খোলা জায়গা নির্বাচন করতে হবে। কোন অবস্থায় বন্ধ জায়গায় হাট বসানো যাবে না।
- ২। হাট ইজারাদার কর্তৃক হাট বসানোর আগে মহামরি প্রতিরোধী সামগ্রী যেমন : মাস্ক, সাবান, জীবাণুমুক্তকরণ সামগ্রী ইত্যাদি সগ্রহ করতে হবে। পরিষ্কার পানি সরবরাহ ও হাত ধোয়ার জন্য পর্যাপ্ত পরিমাণে তরল সাবান / সাধারণ সাবানের ব্যবস্থা রাখতে হবে। নিরাপদ বর্জ্য নিক্ষেপন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
- ৩। পত্তর হাটের সাথে জড়িত সকল কর্মকর্তা, কর্মচারি ও হাট কমিটির সকলকে স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে। হাট কমিটির সকলের ব্যক্তিগত সুরক্ষা জোরদার করা এবং মাস্ক ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৪। হাটের সাথে জড়িত সকল কর্মীদের স্বাস্থ্যবিধির নির্দেশনা দিতে হবে। জনস্বাস্থ্যে ও বিষয়গুলি যেমন মাস্ক এর সঠিক ব্যবহার, হাঁচি-কাশির শিষ্টাচার, শারীরিক দূরত্ব, হাত ধোয়া, জীবাণুমুক্তকরণ বিষয়গুলোকে গুরুত্ব দিতে হবে। স্বাস্থ্যবিধি সমূহ সার্বক্ষণিক মাইকে প্রচার করতে হবে।
- ৫। পত্তর হাটে প্রবেশের জন্য গেইট (প্রবেশপথ ও বাহিরপথ) নির্দিষ্ট করতে হবে।
- ৬। পর্যাপ্ত পানি ও ব্লিচিং পাউডার দিয়ে পত্তর বর্জ্য দ্রুত পরিষ্কার করতে হবে। কোথাও জলাবদ্ধতা তৈরি করা যাবে না।
- ৭। একটি পত্ত থেকে আরেকটা পত্ত এমনভাবে রাখতে হবে যেন ক্রেতাগণ কমপক্ষে ৩(তিন) ফুট বা ২(দুই) হাত দূরত্ব বজায় রেখে পত্ত ক্রয় করতে পারে।
- ৮। ভিড় এড়াতে মূল্য পরিশোধ ও হাসিল আদায় কাউন্টারের সংখ্যা বাড়াতে হবে।
- ৯। মূল্য পরিশোধের সময় সারিবদ্ধভাবে লাইনো দাঁড়ানোর সময়কাল যেন কম হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। লাইনে ৩ (তিন) ফুট বা কমপক্ষে ২(দুই) হাট দূরত্ব বজায় রেখে দাঁড়াতে হবে। প্রয়োজনে রেখা টেনে বা গোল চিহ্ন দিয়ে দিতে হবে।
- ১০। সকল পত্ত একত্রে হাটে প্রবেশ না করিয়ে, হাটের ধারণ ক্ষমতা অনুযায়ী পত্ত প্রবেশ করাতে হবে।
- ১১। হাটের ধারণ ক্ষমতা অনুযায়ী নিরাপদ দূরত্ব বজায় রেখে কেনাকাটা করা সম্ভব এমন সংখ্যক ক্রেতাকে হাটে প্রবেশের সুযোগ দিতে হবে। অবশিষ্ট ক্রেতাগণ হাটের বাহিরে নিরাপদ দূরত্ব বজায় রেখে অপেক্ষা করবেন। ১টি পত্ত ক্রয়ের জন্য ১ বা ২ জনের বেশি ক্রেতা হাটে প্রবেশ করবেন না।
- ১২। অনলাইনে পত্ত কেনা-বেচার জন্য জনগণকে উৎসাহিত করা যেতে পারে।
- ১৩। পত্তরহাটে ইজারাদারগণের নিজস্ব পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থাসহ স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে।
- ১৪। আইন শৃঙ্খলা বিষয়ক কোন সমস্যা দেখা দিলে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে সমস্যা সমাধান করতে হবে।
- ১৫। কোন প্রকার চাঁদা আদায় এবং ক্রেতা-বিক্রেতাকে হয়রানি করা যাবে না।
- ১৬। জালনোট শনাক্তকরণ যন্ত্র স্থাপন করতে হবে।

চলমান পাতা-২

ক্রোতা- বিক্রোতার করণীয় :

- ১। ক্রোতা-বিক্রোতা সকলকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।
- ২। সর্দি, কাশি, জ্বর বা শ্বাসকষ্ট নিয়ে কেউ হাটে প্রবেশ করবেন না।
- ৩। শিশু, বৃদ্ধ এবং অসুস্থরা হাটে আসতে পারবেন না।
- ৪। পত্তরহাটে প্রবেশের পূর্বে ও বাহির হবার সময় তরল সাবান / সাধারণ সাবান এবং পানি দিয়ে হাত ধুতে হবে।
- ৫। মূল্য প্রদান এবং হাটে প্রবেশ ও বের হওয়ার সময় কমপক্ষে ৩ (তিন) ফুট বা ২ (দুই) হাত দূরত্ব বাজায় রেখে সারিবদ্ধভাবে লাইনে দাঁড়াতে হবে।

উল্লেখ্য যে, বাজারে সার্বক্ষণিকভাবে ভ্রাম্যমান আদালত চালু থাকবে। উপরে বর্ণিত বিষয়সমূহের ব্যত্যয় ঘটলে তাৎক্ষণিকভাবে ভ্রাম্যমান আদালত কর্তৃক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।



(রেজাউল কারিম চৌধুরী)
সময়
চট্টগ্রাম সিটি কর্পোরেশন

স্মারক নং : ৪৬.১১.১৬০০.০০৩.৯৯.০৫৪.২১- ৫৯৪

তারিখ : ২১ জুলাই ২০২১

প্রয়োজনীয় ব্যবস্থার জন্য প্রেরণ করা হলো : (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। একান্ত সচিব, মাননীয় মেয়র, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। জনসংযোগ কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (বিজ্ঞপ্তিটি ২টি বহুল প্রচারিত স্থানীয় সংবাদপত্রে ২ (দুই) দিন প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। প্রোগ্রামার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। ব্যক্তিগত সহকারী, প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। ব্যক্তিগত সহকারী, সচিব, চট্টগ্রাম সিটি কর্পোরেশন (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। অফিস কপি


১১/৭/২১
(মোহাম্মদ নজরুল ইসলাম)
প্রধান রাজস্ব কর্মকর্তা (উপসচিব)
চট্টগ্রাম সিটি কর্পোরেশন
ফোন : ০২৩৩৩৩৬০৮২১
E-mail : ctgcccro@gmail.com

All Add1-494